কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



Graphic Design Work



Flex ,Poster ,Card ,Cartoon , Logo ,Newspaper ,Book , Magazine & other.
9836753622



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 5 APRIL 2026 ,SUNDAY | ৫ এপ্রিল ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-124


## কালীঘাট মেট্রোয় আত্মহত্যার চেষ্টা





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৪ এপ্রিল :** মেট্রোয় আত্মহত্যার চেষ্টা ক্রমশ বেড়েই চলেছে । শনিবার দুপুর ১টা ৬ মিনিট নাগাদ ব্লু লাইনে কালীঘাট মেট্রো স্টেশনে আত্মহত্যার চেষ্টার ঘটনা ঘটে। যাত্রীদের মধ্যে চাঞ্চল্যের সৃষ্টি হয় ।এই ঘটনায় ময়দান থেকে দক্ষিণেশ্বর ও মহানায়ক উত্তমকুমার থেকে শহিদ ক্ষুদিরাম স্টেশন পর্যন্ত মেট্রো চালানোর সিদ্ধান্ত নেন মেট্রো রেল কর্তৃপক্ষ। কলকাতা মেট্রোর তরফে জানানো হয়, শনিবার দুপুরে এক যাত্রী আপ লাইনে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করার চেষ্টা করে। এই ঘটনায় আংশিক ব্যাহত হয় মেট্রো পরিষেবা। এদিন দুপুর ১টা ২৯ মিনিট থেকে ব্লু লাইনে পরিষেবা স্বাভাবিক হয়।

## পশ্চিমবঙ্গে ৪৬৬০টি অতিরিক্ত ভোটকেন্দ্র




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ , কলকাতা ,৪ এপ্রিল :** ২০২৬ বিধানসভা নির্বাচনে রাজ্যে ৪৬৬০টি অতিরিক্ত ভোটকেন্দ্র , সিদ্ধান্ত নির্বাচন কমিশনের। ভোটার দের ভোটদানে সুবিধা করতে পোলিং স্টেশন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। পশ্চিমবঙ্গে আরও ৪৬৬০টি অতিরিক্ত পোলিং স্টেশন তৈরির নির্দেশ নির্বাচন কমিশনের। পোলিং স্টেশনে ভোটারের সংখ্যা বেশি হয়ে গেলে , সুষ্ঠুভাবে ভোট পরিচালনা করতে সমস্যা হয়,এই সমস্যা সমাধানে অতিরিক্ত পোলিং স্টেশন তৈরির নির্দেশ নির্বাচন কমিশনের ।নির্বাচন কমিশনের নির্দেশ, ১২০০ জনের বেশি ভোটার হয়ে গেলে সেখানে অতিরিক্ত পোলিং স্টেশন তৈরি করতে হবে। এই কারণেই ৪৬৬০টি অতিরিক্ত পোলিং স্টেশন তৈরির সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। এছাড়া নির্বাচন কমিশন জানিয়েছে , ভোটারদের ভোটদানের সুবিধার জন্য ৩২১টি পোলিং স্টেশন নতুন জায়গায় সরিয়ে আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । ২০২৬ বিধানসভায় যাতে ভোট দাতা এবং নির্বাচন কাজে যুক্ত অফিসারদের কোন অসুবিধা না হয় সে বিষয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছে নির্বাচন কমিশন ,যাতে নির্বাচন টি সুষ্ঠু ভাবে সম্পন্ন করা যায় ,এটা বলাই বাহুল্য। ভোট দাতাদের মতে বহু জায়গায় ভোট কেন্দ্র দূরে হয় , কাছাকাছি হলে , এবং বহু জায়গায় ভোটার এর সংখ্যা ও অনেক বেশি ,সেই সব জায়গায় অতিরিক্ত ভোট কেন্দ্র অনেকটাই সুবিধা হবে ভোটার দের ,এতে নির্বাচন কমিশনের ভূমিকায় খুশি ভোট কর্মী থেকে রাজ্যের ভোটাররা বলাই বাহুল্য।

# নাবালিকা কে ধর্ষণ ,ষাট বছরের বৃদ্ধ গ্রেপ্তার




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ এপ্রিল :** ১৪ বছরের এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগে ৬০ বছরের বৃদ্ধাকে গ্রেফতার করেছে শামুকতলা থানার পুলিশ। নাবালিকার পরিবারের অভিযোগের ভিত্তিতেই ৬০ বছরের বৃদ্ধাকে গ্রেপ্তার করা হয়েছে। জানা গেছে ওই ব্যক্তির বাড়ি শামুকতলা থানা এলাকাতেই। যদিও ধর্ষণের পরেই অভিযুক্ত এলাকা ছেড়ে পালিয়ে গিয়েছিল পুলিশ তল্লাশি চালিয়ে তাকে গ্রেফতার করেছে।

# ভোটের মুখে পানীয় জলের সংকট নিয়ে সরব ভোটাররা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ এপ্রিল :** রহিমাবাদ চা বাগানে পানীয় জলের সমস্যা চলছে দীর্ঘদিন যাবত। এলাকার বাসিন্দারা বারবার প্রশাসনিক কর্তাদের জানিয়েও কোনরকম সহযোগিতা পাচ্ছেন না। বিধানসভা ভোটের প্রাক্কালে রহিমা বাদ এলাকায় পানীয় জলের সমস্যা বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে এলাকার বাসিন্দাদের কাছে। রাজ্যের এত উন্নয়নের পরেও রহিমা বাদ এলাকায় পানীয় জলের সমস্যা সমাধান কেন হচ্ছে না তাই নিয়ে প্রশ্ন উঠেছে সাধারণ বাসিন্দাদের মধ্য থেকেও। প্রতিদিন একটি মাত্র গভীর নলকূপের উপর প্রচুর লোকের নির্ভর করতে হচ্ছে। বিশুদ্ধ পানীয় জল বাড়ি বাড়ি সরবরাহের জন্য জলের ট্যাংক তৈরি হলেও এখনো সেটি থেকে জল বাড়ছে না সাধারণ বাসিন্দারা আর এর ফলেই ভোটের প্রাক মুহূর্তে ক্ষোভে ফুসছেন ভোটাররা।

# ডিসি-সহ চার পুলিশ আধিকারিককে সাসপেন্ডের নির্দেশ নির্বাচন কমিশনের




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৪ এপ্রিল :** ২ এপ্রিল বৃহস্পতিবার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে সঙ্গে নিয়ে আসন্ন বিধানসভায় ভবানীপুরের বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারী রোড শো করে মনোনয়নপত্র জমা দিতে যান । সেই রোড শো কে কেন্দ্র করে ছড়ায় তৃণমূল ও বিজেপি কর্মীদের মধ্যে বচসা ধস্তাধস্তি তে অশান্তির সৃষ্টি হয় । ভবানীপুরে চূড়ান্ত অবনতি হয় আইনশৃঙ্খলার। বৃহস্পতিবার এর ঘটনায় ডিসি-সহ চার পুলিশ আধিকারিককে সাসপেন্ডের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। শুধু সাসপেন্ড নয় , একইসঙ্গে ওই চার পুলিশ আধিকারিকের বিরুদ্ধে বিভাগীয় তদন্তেরও নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। রাজ্যের মুখ্যসচিব দুষ্মন্ত নারিওয়ালাকে চিঠি দিয়ে অবিলম্বে পদক্ষেপ করতে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। সাসপেন্ড চার পুলিশ আধিকারিক হলেন - কলকাতা পুলিশের ডিসি সিদ্ধার্থ দত্ত, আলিপুর থানার ওসি প্রিয়ঙ্কর চক্রবর্তী, অ্যাডিশনাল ওসি চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় এবং সার্জেন্ট সৌরভ চট্টোপাধ্যায়। এই নির্দেশ যথাযথভাবে পালন হয়েছে ,তাও জানাতে হবে ,এমনই নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। ২০২৬ বিধানসভা নির্বাচনের নিরাপত্তা নিয়ে নির্বাচন কমিশন কোনোরকম খামতি রাখতে চাইছে না ,বলাই বাহুল্য।



# বিশ্বকাপের আগেই ভয়ানক দুর্ঘটনায় চাঞ্চল্য ফুটবল দুনিয়ায়





**এই যুগ ,৪ এপ্রিল :** কয়েক মাস পরই গোটা বিশ্ব মেতে উঠবে ফুটবল জ্বরে। মার্কিন যুক্তরাষ্ট্র ,কানাডা ও ম্যাক্সিকোয় আয়োজিত হতে চলছে ফুটবল বিশ্বকাপ ২০২৬ । এরই মধ্যে ঘটে গেল ভয়ানক দূর্ঘটনা পেরুর রাজধানী লিমার আলেজান্দ্রো ভিলানুয়েভা স্টেডিয়ামে ।ভয়ানক দুর্ঘটনায় মৃত ১, আহত ৪৭। শনিবার পেরুর ফুটবল লিগে মুখোমুখি হবে আলিয়াঞ্জা লিমা ও ইউনিভার্সিতারিও। ম্যাচের শুরুর আগেই এক র‍্যালি চলাকালীন ঘটেছে এই ভয়ানক দুর্ঘটনা। ঘটনায় গুরুতর আহত ৪৭ জন এবং মারা গেছে একজন , জানিয়েছে পেরুর স্বাস্থ্য মন্ত্রক। তবে এদিনের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে ফুটবল প্রেমীদের মধ্যে, সামনেই বিশ্ব কাপ তার আগেই এই ধরনের ঘটনা খুবই দুঃখজনক এমনটাই মনে করছে বিশ্ব ফুটবল মহল ।

# চোলাই বিক্রির অভিযোগে গ্রেপ্তার এক, মামলা দুজনের নামে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ এপ্রিল :** হাড়িঁয়া ও মদ বিক্রির অভিযোগে শামুকতলা থানার মাঝেরডাবড়ী গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ পানিয়ালগুড়ি এলাকার বাসিন্দা সঞ্জয় এক্কার বিরুদ্ধে মামলা শুরু করেছে পুলিশ। শনিবার সঞ্জয় এক্কার বাড়িতে অভিযান চালিয়ে একুশ লিটার মদ এবং ৪২ টি হাড়িঁয়া রাখার অ্যালুমিনিয়াম পাত্র বাজেয়াপ্ত করেছি পুলিশ। হাড়িঁয়া তৈরীর উপকরণ সহ হাড়িঁয়া নষ্ট করে দিয়েছে পুলিশ। যদিও পুলিশ দেখে সঞ্জয় এক্কা বাড়ি ছেড়ে পালিয়ে গেছে তবে তার বিরুদ্ধে মামলা শুরু করেছে পুলিশ। অপরদিকে দক্ষিণ অভিযান চালিয়ে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। দীর্ঘদিন যাবত দক্ষিণ পানিয়ালগুড়ি এলাকার বাসিন্দা মাহাতো চোলাই বিক্রি করতেন তাকে বারবার বলা সত্ত্বেও তিনি এই ব্যবসা ছাড়তে পারছিলেন না। অবশেষে তাকে গ্রেফতার করা হয় শনিবারে। তার বিরুদ্ধে মামলা শুরু করেছে পুলিশ তার বাড়িতে কেউ উদ্ধার হয়েছে প্রচুর পরিমাণ চোলাই।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |